



## বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

(বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

[www.bpc.gov.bd](http://www.bpc.gov.bd)

নং: ২৮.০৩.০০০০.০১০.০২.০১৪.১৯/

তারিখঃ ০৭/০৫/২০১৯ খ্রিঃ

### আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর পক্ষে আদালতে মামলা পরিচালনা, আইনগত মতামত ও পরামর্শ প্রদান করার জন্য ০৪ (চার) জন আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

- ১। আবেদনকারীকে অবশ্যই প্রকৃত বাংলাদেশী নাগরিক এবং সুস্থ দেহ ও মনের অধিকারী হতে হবে।
- ২। অবসরপ্রাপ্ত জেলা জজ অথবা দেশের বিদ্যমান আদালতে মামলা পরিচালনার কার্যে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতাসহ কোম্পানি আইন, চুক্তি আইনসহ এ সংশ্লিষ্ট অন্যান্য আইন বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন হতে হবে।
- ৩। নিয়োগ প্রাপ্ত আইন উপদেষ্টাগণ বিপিসি'র সাথে চুক্তিতে আবদ্ধ হবেন।
- ৪। নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টাগণকে কর্পোরেশনের প্রয়োজন অনুযায়ী আইনগত মতামত ও পরামর্শ প্রদানসহ আদালতে মামলা দায়ের বা পরিচালনার জন্য এ সংক্রান্ত নির্ধারিত সিডিউল অনুযায়ী ফি/বিল পরিশোধ করা হবে এবং কোন নির্ধারিত মাসিক ফি/বেতন প্রদান করা হবেনা।
- ৫। নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টাগণের অব্যাহতি/পদত্যাগ বিষয়ে যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান সাপেক্ষে তা কার্যকর হবে।
- ৬। (ক) আগ্রহী প্রার্থীগণকে তাদেরঃ (১) নাম, (২) পিতা/স্বামীর নাম, (৩) বর্তমান ঠিকানা (চেম্বার, মোবাইল/টেলিফোন নম্বরসহ), (৪) স্থায়ী ঠিকানা, (৫) শিক্ষাগত যোগ্যতা এবং (৬) অভিজ্ঞতা (আদালতের নামসহ পেশা শুরু করার তারিখ) উল্লেখপূর্বক সাদা কাগজে আবেদন করতে হবে।  
(খ) আবেদনপত্রের সাথেঃ (১) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, (২) পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি এবং (৩) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত মহামান্য সুপ্রীমকোর্টসহ দেশের সকল আদালতে আইনজীবী হিসেবে প্রাকটিস সংক্রান্ত এনরোলমেন্ট সার্টিফিকেটসমূহের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- ৭। আগ্রহী প্রার্থীদেরকে সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম- বরাবরে আগামী ২৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে র মধ্যে আবেদনপত্র দাখিল করতে হ বে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।
- ৮। খামের উপর অবশ্যই “আইন উপদেষ্টা পদের জন্য আবেদনপত্র” কথাটি উল্লেখ করতে হবে।

(কাজী মোহাম্মদ হাসান)

সচিব

ফোন: ০৩১-৭১৬৪১৩